দৈনিক বাংলা



তারিখ ... 08 JAN 1988 ... ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ... ...

# চট্টগ্রাম ভার্সিটি আবার বন্ধ ঘোষণা

(স্টাফ রিপোর্টার)

চট্টগ্রাম ৭ই জানুয়ারী।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পুনরায় অনির্দিষ্টকালের জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বন্ধ করে দিয়েছেন। বিশ্ববিদ্যালয় খোলার মাত্র তিনদিন আগে গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সোহরাওয়ার্দী হলের কাছে দু' ব্যক্তি গুলিবিদ্ধ হওয়ার পর পুনরায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হলে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক মোহাম্মদ আলী আজ এই বন্ধের ঘোষণা দিয়েছেন।

উপাচার্য বলেছেন একদল সশস্ত্র ব্যক্তিবর্গ কর্তৃক জোরপূর্বক একটি হল গতকাল দখল করার প্রেক্ষিতে এ সিদ্ধান্ত নেয়া হয়।

এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি ও ছাত্র সংগঠনসমূহ পৃথক পৃথক বিবৃতিতে অবিলম্বে বহিরাগতদের বিশ্ববিদ্যালয় থেকে বের করে দেয়ার

(৫-এর পৃঃ দ্রঃ)

## বন্ধ ঘোষণা

(১ম পৃঃ পর)

বী জানিয়েছেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক রিষদ সাধারণ ছাত্র আন্দোলন, সলামী ছাত্র শিবির সশস্ত্র ষ্কৃতকারী কর্তৃক জোরপূর্বক ল দখল করার তীব্র প্রতিবাদ নিয়েছে।

বাংলাদেশ ছাত্রলীগ, সমাজন্ত্রিক ছাত্র ফ্রন্ট অবিলম্বে শ্ববিদ্যালয় খুলে দিয়ে বহিরাতদের বের করে দেয়ার এবং হল লে দেয়ার দাবী জানিয়েছেন।